

“পাঠ্যবই বুঝে পড়ি”



“গাইড পরিহার করি”

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

স্মারক: **শশি-প্রশ্ন ব্যাংক-৪ ২৪**

২৮ মার্চ, ২০১৯

বিষয়: প্রশ্ন ব্যাংক আপডেট ভার্সনে পূর্ণসেট প্রশ্ন আপলোড প্রশিক্ষণ কর্মশালা।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে যশোর শিক্ষা বোর্ড কর্তৃক সৃজনশীল প্রশ্ন কাঠামো অনুযায়ী অনলাইনে প্রশ্ন প্রণয়ন করে পূর্ণসেট প্রশ্ন আপলোডের সুবিধাসহ প্রশ্ন ব্যাংক সফটওয়্যারের আপডেট ভার্সন তৈরি করা হয়েছে। শিক্ষকগণের মানসম্মত প্রশ্ন প্রণয়নে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সৃজনশীল প্রশ্ন কাঠামো ও প্রশ্ন ব্যাংকে প্রশ্ন আপলোডের কলাকৌশল জানা অত্যাাবশ্যিক। এ লক্ষ্যে আগামী ৩০ মার্চ, ২০১৯ শনিবার (বেলা ১১-০০ থেকে বিকেল ৫-০০ পর্যন্ত) সাতক্ষীরা সরকারি বালক উচ্চ বিদ্যালয়ে সাতক্ষীরা সরকারি উচ্চ বিদ্যালয় ও সাতক্ষীরা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের উভয় শিফটের সকল শিক্ষক ও নির্বাচিত ১০ জন প্রধান শিক্ষকের সমন্বয়ে প্রশ্ন ব্যাংক আপডেট ভার্সনে পূর্ণসেট প্রশ্ন আপলোড প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হবে।

উক্ত প্রশিক্ষণ কর্মশালায় প্রফেসর মোহাম্মাদ আব্দুল আলীম, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড যশোর, প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। সংশ্লিষ্ট সকলকে উপস্থিতির (ল্যাপটপ, মডেম, সিলেবাস, পাঠ্যবইসহ) জন্য অনুরোধ করা হলো।

(বি.দ্র.: সকল শিক্ষককে আসন্ন অর্ধ-বার্ষিক/প্রাক-নির্বাচনি পরীক্ষার সিলেবাস অনুযায়ী কমপক্ষে মানসম্মত ১টি করে সৃজনশীল ও ১টি করে বহুনির্বাচনি প্রশ্ন UNICODE-এ (NikoshBAN বা SutonnyOMJ) Font-এ টাইপ/ইমেজ প্রস্তুত (বিষয়, অধ্যায় ও শিখনফলসহ) করে আনতে হবে)

প্রাপক:

প্রধান শিক্ষক

সাতক্ষীরা সরকারি উচ্চ বিদ্যালয় ও সাতক্ষীরা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়

(প্রফেসর মাধব চন্দ্র রুদ্র)

পরিচালক(প্রশ্ন ব্যাংক সেল)

ও

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।